**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**17 OCTOBER 2025** **7:35 AM IST**

==============================================================

রাজ্যের চা বাগান অঞ্চলে আগামী জানুয়ারীতে একশটি নতুন হাইস্কুল স্থাপন করা হবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা ঘোষনা করেন । মুখ্যমন্ত্রী জানান যে রাজ্য সরকার মেডিকেল কলেজে ৩০ টি আসন চা বাগান তথা আদিবাসীদের জন্য সংরক্ষণ করা সহ তৃতীয় ও চতুর্থ শ্রেণীর পরীক্ষায় চা জনগোষ্ঠীর লোকেদের জন্য ৩ শতাংশ আসন সংরক্ষণের ব্যবস্থা করেছে । মুখ্যমন্ত্রী আরো বলেন

....বাইট

---

উল্লেখ্য মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গতকাল খানাপারার পশু চিকিৎসা বিজ্ঞান মহাবিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত এক অনুষ্ঠানে ঝুমুর বিনন্দিনীতে অংশগ্রহণকারী শিল্পী , প্রশিক্ষক ও বিশেষজ্ঞ সমিতির সদস্যদের হাতে প্রশংসাপত্র প্রদান করে একথা বলেন । এই শিল্পীরা গত ২৪ শে ফেব্রুয়ারী অর্জুন ভোগেশ্বর বরুয়া

ক্রীড়া প্রকল্পে ঝুমুর বিনন্দিনীতে অংশ নিয়েছিল । অনুষ্ঠানে ২৪ টি জেলার বিশেষজ্ঞ সমিতির সদস্যদেরকে ৫০ হাজার টাকা করে ও প্রশিক্ষক তথা শিল্পীদের ২৫ হাজার টাকা করে প্রত্যক্ষ লাভ হস্তান্তর ব্যবস্থার মাধ্যমে অর্থ প্রদান করা হয় । বরাক উপত্যকার তিনটি জেলার শিল্পীদের পরবর্তী পর্যায়ে সম্মানিত করা হবে ।

---

আসাম বিধানসভার উন্নয়ন বিভাগ সংক্রান্ত কমিটি আজ হাইলাকান্দি জেলা সফর করবে । বিধায়ক গোবিন্দ চন্দ্র বসুমাতারীর নেতৃত্বে আসা কমিটির সদস্যরা সকাল দশটায় হাইলাকান্দি পৌছে উন্নয়নমূলক কর্মসূচী সরোজমিনে পরিদর্শন করে সন্ধ্যা পাঁচটায় জেলা প্রশাসনের সঙ্গে এক বৈঠকে মিলিত হবেন । এরপর কমিটির সদস্যরা শিলচর ফিরে আসবেন ।

---

শ্রীভূমি জেলার জনসাধারণের জন্য কাজ করতে এবং তাদের কষ্ট লাঘবে সদা সচেষ্ট থাকতে সংশ্লিষ্ট জেলাপ্রশাসনের প্রতি আসাম বিধানসভার উন্নয়ন বিভাগের স্ট্যান্ডিং কমিটির পক্ষ থেকে আহ্বান জানানো হয়েছে । বিধায়ক গোবিন্দ চন্দ্র বসুমাতারির পৌরহিত্যে গতকাল শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত সভায় জেলার উন্নয়নমূলক প্রকল্পের বাস্তবায়ন নিয়ে আয়োজিত পর্যালোচনা সভায় কমিটির পক্ষ থেকে এই পরামর্শ দেওয়া হয়েছে । উল্লেখ্য আসাম বিধানসভার উন্নয়ন বিভাগের স্ট্যান্ডিং কমিটির এক প্রতিনিধি দল আজ জেলার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প খতিয়ে দেখতে শ্রীভূমি জেলা সফরে এসেছেন । প্রতিনিধি দলটি আজ শ্রীভূমি জেলার সাদারাশি , লঙ্গাইঘাট -বাজারঘাট গ্রাম পঞ্চায়েতে প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীন ) পঞ্চদশ অর্থ কমিশনের এম জি এনরেগার কাজ , লক্ষীবাজার রোডের আসাম বিদ্যুৎ বিতরন কোম্পানী

লিমিটেডের হাই টেনশন লাইন ডিষ্ট্রিবিউশন সিস্টেম , শ্রীভূমি জেলা কারাগারে পৌরসভার  জল সরবরাহ প্রকল্প পরিদর্শন করেছেন । কমিটির অন্যান্য বিধায়ক সদস্যরা হচ্ছেন-অজয় কুমার রাই , দীগন্ত বর্মন , দীপায়ন চক্রবর্তী , মিসবাহুল ইসলাম লস্কর , সুজাম উদ্দিন লস্কর , শিবি মিশ্র এবং নিজানুর রহমান ।

---

শিল্পী জুবিন গার্গের প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য  কংগ্রেস দলের নেতা তথা লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী আজ গুয়াহাটী আসছেন । শ্রীগান্ধী সোণাপুরের কমারকুছিতে থাকা শিল্পীর শেষ কৃত্যস্থলে গিয়ে শ্রদ্ধা নিবেদন করবেন । শ্রী গান্ধীর শিল্পীর বাসগৃহে গিয়ে তার পরিবারের লোকেদের সংগেও সাক্ষাৎ করার কথা রয়েছে ।

---

শ্রীভূমি জেলার পাথারকান্দি বিধানসভার অর্ন্তগত করচার ঘাট মহিলা সমবায় সমিতি লিমিটেডের কারখানায় আসামের গামছার জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন তথা হস্ত তাঁত ও বস্ত্র শিল্প বিভাগের বিভিন্ন প্রকল্পের উপর গত বুধবার একটি সচেতনা সভা অনুষ্টিত হয়েছে । হস্ত তাঁত ও বস্ত্র শিল্প বিভাগের সহকারী সঞ্চালক গুঞ্জন কলিতার পৌরহিত্যে আয়োজিত সভায় তাঁত শিল্পীদের ভবিষ্যৎ সুরক্ষা ও তাদের জীবিকার মানদন্ড উন্নত করার বিষয় নিয়ে আলোচনা করেন । সভায় একশ জন তাঁত শিল্পীর জি আই রেজিষট্রেশন করা হয়েছে ।

---

রাজ্যের অর্থ বিভাগ রাজ্যব্যাপী অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায় সম্পর্কিত প্রশন ও অভিযোগের নিষ্পত্তির জন্য একটি বিশেষ অরুণোদয় হেল্প ডেস্ক চালু করেছে । এই হেল্প ডেস্কের টোল ফ্রি নম্বর হচ্ছে- ১৮০০-২০২-৬২৫৬ । এই হেল্প ডেস্কের মাধ্যমে জনগন তাদের অভিযোগ, প্রশ্ন বা তথ্য সংক্রান্ত সমস্যাগুলি সহজেই জানতে পারবেন । এই হেল্প ডেস্কটি প্রতিদিন সরকারী কার্য্যলয় খোলা দিনে সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্য্যন্ত কার্যকর থাকবে ।

জনসংযোগ/শিল/সৌ

---

শ্রীভূমি জেলা সৈনিক কল্যাণ কার্যালয়ের উদ্যোগে শ্রীভূমি জেলার বিভিন্ন স্থানে সেনাবাহিনী , নৌবাহিনী ও বিমান বাহিনীর প্রাক্তন সেনাকর্মীদের চলতি অর্থ বছরের জন্য প্রচার সমাবেশ অনুষ্ঠিত হবে । জেলা সৈনিক কল্যাণ আধিকারিক জানিয়েছেন যে আগামীকাল মহিশাসনে , আগামী ২৪শে অক্টোবর ভাঙ্গায় এবং ৩০শে অক্টোবর বদরপুরে প্রচার সমাবেশ অনুষ্ঠিত হবে । এই সমাবেশে প্রাক্তন সৈনিক , সৈনিকদের স্ত্রী , মা ও তাদের পরিবারের নির্ভরশীল সদস্যদের উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে ।

---

শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আগামী রবিবার ভাঙ্গারপারের আহমোদিয়া বিদ্যা নিকেতনে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---